



বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/  
অধিদপ্তর/পরিদপ্তর এর "উপসহকারী  
প্রকৌশলী (সিভিল)" (১০ম গ্রেড) পদের  
লিখিত পরীক্ষার তারিখ ও সময়সূচি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
[www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd)

বিজ্ঞপ্তি

নথি নম্বর: ৮০.০০.০০০০.০০০.৩০১.১১.০০০১.২৫-১৪৮

তারিখ: ১৩ বৈশাখ ১৪৩৩  
২৬ এপ্রিল ২০২৬

বিষয়: সাধারণ পূলের আওতায় নিয়োগযোগ্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর "উপসহকারী প্রকৌশলী (সিভিল)" (১০ম গ্রেড) পদে প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ ও সময়সূচি।

সাধারণ পূলের আওতায় নিয়োগযোগ্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর "উপসহকারী প্রকৌশলী (সিভিল)" (১০ম গ্রেড) পদে বাছাই (MCQ ধরনের) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের লিখিত পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্রসমূহে বর্ণিত তারিখ, সময় ও আসনবিন্যাস অনুযায়ী অনুষ্ঠিত হবে:

পদের নাম, বিজ্ঞপ্তির তারিখ ও ক্রমিক নম্বর	পরীক্ষার তারিখ ও সময়	পরীক্ষার কেন্দ্র	রেজিস্ট্রেশন নম্বর	প্রার্থী সংখ্যা
"উপসহকারী প্রকৌশলী (সিভিল)" (১০ম গ্রেড) বিজ্ঞপ্তি তারিখ: ১৩.০২.২০২৫; বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-৬৬/২০২৫	১৪.০৫.২০২৬ (বৃহস্পতিবার) বেলা ১:০০টা থেকে ৫:০০টা পর্যন্ত	সরকারি মোহাম্মদপুর মডেল স্কুল অ্যান্ড কলেজ, গজনবী রোড, কলেজ গেইট, মোহাম্মদপুর, ঢাকা।	০০০০০৪-৬০০৪৮৫	১৭০০ জন
		৭১ মিলনায়তন, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।	৭০০০১১-৮০০৪২৫	১৯০ জন
		হলরুম (ভোল্ট রুম-২ এর সামনে), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।	৮০০৪২৬-৮০০৮৮২	৭১ জন

পরীক্ষার্থীদের জন্য লিখিত পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলী:

- প্রার্থীগণ স্ব স্ব প্রবেশপত্র নিয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করবেন। প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের ওয়েবসাইট [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) অথবা টেলিটক বাংলাদেশ লিঃ এর (<http://bpsc.teletalk.com.bd>) ওয়েবসাইট থেকে ডাউনলোড করে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থী লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না;
- পরীক্ষার নির্ধারিত সময়ের অন্তত ৩০ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ০২ (দুই) ঘণ্টার মধ্যে কোনো পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না;
- প্রার্থীদের বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনো রূপ কাটাকাটি করলে বা উত্তরপত্রে মুইড ব্যবহার করলে তার প্রার্থিতা বাতিল হবে;
- প্রার্থীদের বাংলা-৪০, ইংরেজি-৪০, সাধারণ জ্ঞান-৪০ এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়-৮০ নম্বরসহ সর্বমোট ২০০ নম্বরের ০৪ (চার) ঘণ্টার লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- প্রার্থীকে একই সাথে ৪টি বিষয়ের জন্য ৪টি উত্তরপত্র প্রদান করা হবে। বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান ও প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়ের উত্তর প্রদানের জন্য ডিঙ্গ ডিঙ্গ উত্তরপত্র ব্যবহার করতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে। উত্তরপত্রে বিষয় কোড ভুল লিখলে বা পূরণ করলে বা এক বিষয়ের উত্তরপত্রে অন্য বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে;

১২

৬. পরীক্ষার্থীকে কালো কালির বল পয়েন্ট কলম সাথে আনতে হবে। পরীক্ষা কেন্দ্রে বইপুস্তক, ব্যাগ, মানিব্যাগ, হাতঘড়ি, পকেটঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ মোবাইল ফোন, ব্যাংক কার্ড বা ক্রেডিট কার্ড, ক্রেডিট কার্ড সদৃশ্য বস্তু, সকল ধরনের চাবি, অলংকারাদি বা কোনোরূপ ইলেকট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার সময় পরীক্ষার্থীগণ কানের উপর কোনো আবরণ রাখতে পারবেন না; কান খোলা রাখতে হবে।
৭. পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোনো প্রার্থীর নিকট নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করা হবে এবং তাকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
৮. সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে। সাইন্টিফিক ক্যালকুলেটর বা এ জাতীয় কোনো যন্ত্র ব্যবহার করা যাবে না;
৯. হাজিরা তালিকায় প্রত্যেক পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে তার ছবি ও প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে। মিল না থাকলে উক্ত পরীক্ষার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১০. প্রতিবছরী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদেরকে আগামী ০৬.০৫.২০২৬ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে শ্রুতিলেখকের জন্য কমিশন সচিবালয়ের পরিচালক, নন-ক্যাডার (পরীক্ষা) বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। প্রাপ্ত আবেদনপত্র বিবেচনাতে কর্ম কমিশন হতে শ্রুতিলেখক মনোনয়ন দেওয়া হবে;
১১. পরীক্ষা কেন্দ্রে কোনো প্রকার অসাধু পন্থা অবলম্বন এবং অশোভন আচরণের অভিযোগে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে যে-কোনো প্রকার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষমতা কর্ম কমিশন সংরক্ষণ করে। পরীক্ষা শেষ হওয়ার পর পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ না করা পর্যন্ত পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ বিষয়ভিত্তিক উত্তরপত্র গণনা করে বুকে নেয়ার পর পরীক্ষার্থীগণ কক্ষ ত্যাগ করবেন;
১২. কোনো প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে-কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

  
২৬/০৪/২০২৬  
দিলাওয়েজ দুরদানা  
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]